

ছেলে হোক, মেয়ে হোক
দু'টি সন্তানই যথেষ্ট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
নওগাঁ সদর, নওগাঁ।

www.fpo.naogaonsadar.naogaon.gov.bd

নং-৫৯.১১.৬৪৬০.০০০.০০১.০৬.০০০২. ২২

তারিখঃ- ১২ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ।
২৬ জানুয়ারী, ২০২৫ খ্রিষ্টাব্দ।

বিভাগীয় কর্মকর্তা/কর্মচারীগণের সমন্বয়ে অনুষ্ঠিত জানুয়ারি/২০২৫ খ্রিঃ মাসের মাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী:-

সভাপতি: জনাব মোঃ আব্দুর রহমান প্রামানিক, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নওগাঁ সদর, নওগাঁ।

সভার স্থানঃ উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় হলরুম, (পরিবার পরিকল্পনা ভবন-২য় তলা, চকবিরাম), নওগাঁ সদর, নওগাঁ।

সভার তারিখঃ ২১ জানুয়ারি, ২০২৫ খ্রিঃ।

সভার সময়ঃ সকাল ১০:৩০ মিনিট।

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি মহোদয় অধ্যকার সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংযোজন বা বিয়োজন ছাড়াই সর্বসম্মতিক্রমে তা গ্রহণ করা হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
পরিবার পরিকল্পনা বিষয়ে সার্বিক অগ্রগতি	নওগাঁ সদর উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের অধীন ডিসেম্বর/২০২৫ খ্রিঃ মাসে সক্ষম দম্পতির সংখ্যা ৬৪,৫৯৪ জন যার মধ্যে ২৩,৪৫৩ জন খাবার বড়ি, ৫৬০৬ জন কনডম, ৮৮৮০ জন ইনজেকশন, ৩২৪৪ জন ইমপ্লান্ট, ৬৩৭ জন আইইউডি, ৩২৮ জন পুরুষ এবং ৭৩৯৪ জন মহিলা স্থায়ী পদ্ধতি গ্রহীতাসহ মোট গ্রহীতা ৪৯,৫৪২ জন এবং পদ্ধতি গ্রহণকারীর হার ৭৬.৭০ ভাগ। এছাড়াও, দম্পতিদের মাঝে উল্লেখিত মাসে ৩২৭৬ চক্র খাবার বড়ি, ২২৮ পিস কনডম (নিরাপদ) বিতরণ, ১১১১ ভায়াল, ০ টি ইমপ্লান্ট (জেডেল) বিতরণ করা হয়েছে।	বিভাগীয় সেবাদান কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	বিভাগীয় সকল কর্মকর্তা / কর্মচারী
মা ও শিশু স্বাস্থ্য	বিভিন্ন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ৩৪৩৮ জনকে সাধারণ রোগের চিকিৎসা প্রদান করা হয়েছে। ১২ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র এবং ০১ টি মা ও শিশু কল্যাণ কেন্দ্রে মোট ৪২ টি স্বাভাবিক প্রসব সম্পন্ন হয়েছে। ডিসেম্বর/২৫ মাসে মোট গর্ভবতী মায়ের সংখ্যা ১৫০৬ জন। ০৪টি পরিদর্শনের মাধ্যমে মোট ৭৫০ জন মাকে গর্ভকালীন সেবা প্রদান করা হয়েছে, ৬২২ জন মা ও নবজাতককে প্রসবোত্তর বিভিন্ন সেবা এবং ১৫৬২ জনকে আইওয়াইসিএফ, ভিটামিন এ, আইএফএ, হাতধোয়া, ও মায়ের পুষ্টিবিষয়ক কাউন্সেলিং প্রদান করা হয়েছে।	স্বাভাবিক ডেলিভারি সেবা বিষয়ে কাউন্সেলিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।	
কিশোর/কিশোরী সেবা	কিশোর/কিশোরীর ৬২৯ জনকে বয়ঃসন্ধিকালীন সেবা, ৬৫৬ জনকে বাল্যবিবাহ ও কিশোরী মাতৃত্বের কুফল, ৫০ জনকে প্রজনন তন্ত্রের সংক্রমণ ও যৌনবাহিত রোগ নিরাময় বিষয়ে কাউন্সেলিং, ৬৮৬ জনকে পুষ্টির খাবার বিষয়ে কাউন্সেলিং করা হয়েছে। কৈশোর সহিংসতা ও প্রতিরোধ বিষয়ে ৫৫৩ জন ও মানসিক সমস্যা ও মাদকাসক্তি প্রতিরোধ ও নিরাময় বিষয়ে ৫৫৩ জনকে এবং ৬৮৯ জনকে পরিষ্কার পরিচ্ছন্নতা ও স্যানিটারি প্যাড বিষয়ে কাউন্সেলিং করা হয়েছে। RTI/STI সংক্রান্ত বিষয়ে ৭১ জনকে চিকিৎসাসেবা দেয়া হয়েছে। তাছাড়াও নিয়মিত বিদ্যালয় স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। এ মাসে মোট স্কুলে ৮ টি স্বাস্থ্য শিক্ষা সেশন সম্পন্ন হয়েছে।	কিশোর/কিশোরীদের নিয়ে এরকম কার্যক্রম নিয়মিত বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানানো হয়।	
মালামাল সংক্রান্ত	জন্মনিয়ন্ত্রণ সামগ্রী (ইনজেকশন ছাড়া) সরবরাহ নাই। যার কাছে নেই সে যার কাছে আছে তার কাছ থেকে সমন্বয় করে মালামাল বিতরণ করতে হবে। ফলিক এসিড সরবরাহ নাই। ফলিক এসিড এর গুরুত্ব সম্পর্কে আলোচনা করা হয়।	সমন্বয় করে মালামাল বিতরণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়	UFPO
PRL সংক্রান্ত	যারা আগামীতে PRL এ যাবেন তাদের অবশ্যই তিনমাস আগে অফিসে আবেদন জমা দিতে হবে। আবেদন জমা দিতে দেরি হলে অফিসিয়াল কাজ শেষ হতে দেরি হয়। এ বিষয়ে সকলকে সচেতন হওয়া বিষয়ে আলোচনা করা হয়।	PRL এ গমনকারীদের আরো সচেতনতার সাথে আবেদন প্রদান করতে হবে।	SACMO/ PHARMA CIST/ FWV/FPI/ FWA সকল।
"Flagship Program"	তালুকের জয় উসব-২০২৫ উপলক্ষে "Flagship Program" আয়োজন করা বিষয়ে সকল কর্মকর্তা ও কর্মচারীদের দৃষ্টি আকর্ষণ করা হয়।	হাজিরা নিতে হবে ও ছবি সংরক্ষণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট ইউনিয়নের SACMO/ FWV/FP I/ FWA সকল।
বিবিধ	সকল SACMO/FWV/FPI/ FWA দের রিপোর্ট করার সময় আরো মনোযোগী হওয়ার জন্য আহবান করা হয়। নির্ভুল রিপোর্ট জমা দেওয়ার জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।	নির্ভুলভাবে রিপোর্ট প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	SACMO/ FWV/FP I/ FWA

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৭. 
মোঃ আব্দুর রহমান প্রামাণিক
পরিচিতি নং-১০০১৫৮
উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার
নওগাঁ সদর, নওগাঁ।

ও
সভাপতি
উপজেলা পরিবার পরিকল্পনা মাসিক পর্যালোচনা সভা

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১. পরিচালক(প্রশাসন)/(এমআইএস)/(আইইএম)/(উপকরণ ও সরবরাহ)/(অর্থ)/(নিরীক্ষা)/(পরিকল্পনা)/(এমসিএইচ-সার্ভিসেস), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬ কাওরান বাজার, ঢাকা।
২. পরিচালক, পরিবার পরিকল্পনা, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩. উপপরিচালক, পরিবার পরিকল্পনা, নওগাঁ।
৪. সহকারী পরিচালক(পঃপঃ/সিসি), পরিবার পরিকল্পনা, নওগাঁ।
৫. উপজেলা নির্বাহী কর্মকর্তা, নওগাঁ সদর, নওগাঁ।
৬. মেডিকেল অফিসার(এমসিএইচ-এফপি), নওগাঁ সদর, নওগাঁ।
৭. মেডিকেল অফিসার(ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র, নওগাঁ।
৮. সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য শিক্ষা বিভাগ, নওগাঁ।
৯. জান্নাতুল ফেরদৌস, উপজেলা পরিবার পরিকল্পনা সহকারী, নওগাঁ সদর, নওগাঁ(পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
১০. এসএসিএমও/ফর্মাসিস্ট/এফডব্লিউডি/পরিবার পরিকল্পনা পরিদর্শক/এফডব্লিউএ, (সকল)... .., নওগাঁ সদর, নওগাঁ।
১১. অফিস নথি/২৫।

